দৈনিক বাংলা

৬/১০/৮১

০৬৫

395

# দুর্নীতির দায়ে ১৪ জন প্রধান শিক্ষককে বরখাস্তের নির্দেশ

(নিজস্ব সংবাদদাতা)

মানিকগঞ্জ, ৫ই অক্টোবর।— বিগত এসএসসি (৮১) পরীক্ষায় পরীক্ষার্থী নির্বাচনে দুর্নীতি করার অভিযোগে ১৪টি হাইস্কুলের প্রধান শিক্ষককে চাকরি থেকে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকরী করার জন্য ঐসব স্কুলের ম্যানেজিং কমিটিকে ইতিমধ্যেই নির্দেশ দেয়া হয়েছে।

এছাড়াও জাল সার্টিফিকেট ও স্বাক্ষর জাল করে এসএসসি পরীক্ষা দেওয়ায় ১৪ জন পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ঢাকা বোর্ডের উচ্চ পর্যায়ের সম্প্রতি এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়েছে।

জানা গেছে, এবার ঢাকা মাধ্যমিক

(৫-এর পৃঃ দ্রঃ)

## বরখাস্তের নির্দেশ

(প্রথম পৃঃ পর)

ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে প্রায় চার হাজার এসএসসি (৮১) পরীক্ষার্থী পরীক্ষার যাবতীয় আইন-কানুন ও নিয়ম উপেক্ষা করে কারচুপির মাধ্যমে পরীক্ষায় অংশ গ্রহণ করে। ১৪টি হাইস্কুলের প্রধান শিক্ষকদের সহযোগিতায় বিগত এসএসসি (৮১) পরীক্ষায় এরা অংশ নেয়ার সুযোগ করে নেয়।

বোর্ড গোপন সূত্রে খবর পেয়ে তদন্ত শুরু করেন। তদন্তে এই ১৪টি স্কুলের বিরুদ্ধে পাওয়া গেছে টিসি ছাড়া ছাত্রভর্তি, ভুয়া টিসিতে ছাত্রভর্তি, ভুয়া ছাত্রভর্তি, টিসি ও রেজিস্ট্রেশন ছাড়া ছাত্র ভর্তি, জাল টিসিতে ছাত্রভর্তি, সন্দেহজনক টিসিতে ছাত্রভর্তি, ভুয়া রেজিস্ট্রেশনে ছাত্রভর্তি, অনিয়মিত ভর্তি এবং স্কুলে যথাযথ রেকর্ডপত্র না রাখা। তদন্তে আরো ধরা পড়েছে যে মোটা অংকের অর্থের বিনিময়ে এসব পরীক্ষার্থীকে এই অনিয়মের মাধ্যমে পরীক্ষা দেয়ার সুযোগ দেয়া হয়েছে। বোর্ড ১৪টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকের প্রতি প্রথমে কারণ দর্শাও নোটিশ জারি করেছিল। প্রধান শিক্ষকগণ সন্তোষজনক উত্তর না দেওয়ায় তাদেরকে বরখাস্ত করার জন্য স্কুল ম্যানেজিং কমিটিকে বোর্ড অনুরোধ করেছে। ঢাকা বোর্ড ম্যানেজিং কমিটিকে আরো জানিয়েছে যে, বোর্ডের এই সিদ্ধান্ত কার্যকরী না করলে বোর্ড ঐসব স্কুলের অনুমোদন বাতিল করে দেবে।

এছাড়াও ১৪ জন পরীক্ষার্থীকে গুরুতর অপরাধ কারণে শো' কজ নোটিশ দেয়া হয়েছে। অক্টোবর মাসের ৮ তারিখের মধ্যে ঐ নোটিশের জবাব চাওয়া হয়েছে। নোটিশের জবাব পাওয়ার নির্ধারিত তারিখের পূর্বেই ঢাকা বোর্ড পরীক্ষা অধ্যাদেশ আইনে এদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। উক্ত আইনে দুই থেকে চার বছর সশ্রম কারাদণ্ড ও জরিমানা বা উভয় প্রকার শাস্তির বিধান রয়েছে।